

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## শোক সংবাদ

### সুনামগঞ্জ পৌর মেয়রের মৃত্যুতে এলজিআরডি মন্ত্রীর শোক

ঢাকা, ০১ ফেব্রুয়ারি ২০১৮ :

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন সুনামগঞ্জ পৌরসভার মেয়র, আওয়ামী লীগের তৎকালীন জাতীয় পরিষদের সদস্য এবং জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মোঃ আয়ুব বখ্ত জগলুল-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

আজ এক শোকবাণীতে মন্ত্রী বলেন, মোঃ আয়ুব বখ্ত জগলুল-এর মৃত্যুতে জাতি একজন নিবেদিত প্রাণ রাজনীতিক ও দেশপ্রেমিককে হারালো। প্রবীণ এ রাজনীতিক রাজনীতির অঙ্গনে উজ্জ্বল ভূমিকা রেখে গেছেন। তাঁর অবদান জাতি চিরদিন স্মরণ রাখবে। তিনি মরহুমের শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান এবং বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন।

উল্লেখ্য, মোঃ আয়ুব বখ্ত আজ সকাল ০৯:০০ ঘটিকায় রাজধানীর একটি হাসপাতালে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্নািল্লাহে.....রাজিউন)। মৃত্যুকালে তিনি এক পুত্র ও ১ কন্যা সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।



০১/০২/২০১৮

(মোহাম্মদ জাকির হোসেন)

জনসংযোগ কর্মকর্তা

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৯১২৭২১২৩৬